

161

### ৮ হাজার প্রাথমিক শিক্ষক বেতন পাইতেছেন না

ইত্তেফাক রিপোর্ট ॥ সরকারী  
প্রাথমিক শিক্ষক সংগ্রাম পরিষদ  
উন্নয়ন খাতে নিযুক্ত ৮ হাজার  
প্রাথমিক শিক্ষকের বেতন ৫ মাস  
যাবৎ বন্ধ থাকার ঘটনার প্রতি  
সরকারের দৃষ্টি আকর্ষণ করিয়া  
১৪ দফা দাবীতে ১৭ই ডিসেম্বর  
হইতে দাবী মগাহ ও ২৩শে  
(১১শ পৃ: ৪-এর ক: স্র:)

### ৮ হাজার শিক্ষক (শেষ পৃ: পর)

ডিসেম্বর মিছিল-সমাবেশের কর্ম-  
সূচী ঘোষণা করিয়াছে।

মহানগর ও পার্শ্ব বর্তী এলাকার  
প্রাথমিক শিক্ষকগণ শামসুদ্দিন  
খানের সভাপতিত্বে এক সভায়  
প্রধান শিক্ষকদের গেজেটেড  
মর্যাদা, বেতন বৈষম্য দূরীকরণ,  
চাকুরীচ্যুতদের পুনর্বহাল, শিক্ষক-  
দের গৃহনির্মাণ অগ্রিম, হয়রানি  
বন্ধ করা, প্রধান শহরে আবাসিক  
কোয়ার্টার বরাদ্দ করার দাবী জানান।  
সংগ্রাম পরিষদ অন্য সমিতিগুলিকে  
প্রদত্ত সরকারী অনুদান ও সম্পত্তির  
হিসাব পরীক্ষা করার দাবী জানা-  
ইয়াছে।